

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩০২

আগরতলা, ২৭ জুন, ২০২৬

অবসরপ্রাপ্ত কর্মচারীদের
আবাস গৃহ 'আশ্রয়' পরিদর্শনে রাজ্যপাল

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাথু আজ সকালে কুঞ্জবনস্থিত অবসরপ্রাপ্ত কর্মচারীদের আবাস গৃহ 'আশ্রয়' পরিদর্শন করেন। রাজ্যপাল সেখানে গিয়ে পৌঁছালে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের বিশেষ সচিব তপন কুমার দাস এবং আবাসিকগণ তাঁকে স্বাগত জানান। রাজ্যপাল আবাসিকদের সঙ্গে মতবিনিময় করেন। রাজ্যপাল আবাসিকদের শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকার জন্য উৎসাহিত করেন। সামাজিক এবং সাংস্কৃতিক কর্মকাণ্ডে যুক্ত থাকার জন্যও তিনি তাদের প্রতি আহ্বান জানান। তিনি আশ্রয় আবাস গৃহের বিভিন্ন সুযোগ সুবিধাগুলিও ঘুরে দেখেন।

পরিদর্শনের সময় বিশেষ সচিব আশ্রয় আবাস গৃহের বিভিন্ন সুযোগ সুবিধা এবং আবাসিকদের বিষয়ে রাজ্যপালকে বিস্তারিত অবহিত করেন। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তা এল রাঞ্চলও রাজ্যপালের পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন।
